



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রশাসন বিভাগ
স্বাধীনতা ভবন

৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(www.bffwt.gov.bd)



২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) জুলাই-আগস্ট'২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

- সভাপতি : ড. মো. জাহেদুল হাসান,
পরিচালক (শিল্প ও বাণিজ্য), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
- সভার তারিখ ও সময় : ১২ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.; বিকাল ৩.০০ ঘটিকা।
- সভার স্থান : সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

সভায় এপিএ বাস্তবায়ন টিমের নিম্নোক্ত সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন :

- (১) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- (২) উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- (৩) উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৪) সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৫) সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- (৬) জনাব মোঃ বিল্লাল হোসেন, সহকারী গ্রেড-১ কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর নির্দেশিকা অনুযায়ী প্রতি দুই মাস অন্তর এপিএ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করতে হবে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও কমিটির ফোকাল পয়েন্ট (এপিএ)-কে অনুরোধ জানান। অতঃপর ফোকাল পয়েন্ট জুলাই-আগস্ট, ২০২১ দুই মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	[১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর জুলাই-আগস্ট, ২০২১ দুই মাসের অগ্রগতি পর্যালোচনা।	[১.১] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদানের জন্য ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে ১১,০০০। তন্মধ্যে জুলাই'২০২১ মাসে ১০,৩২৯ জন এবং আগস্ট, ২০২১ মাসে ১৩২ জনকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জন করতে আরও অন্যান্য ৫৩৯ জনকে নির্ধারিত সময়ের মধ্যে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান করতে হবে।	নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[১.২] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা ২৫,০০০ জনের বিপরীতে জুলাই, ২০২১ মাসে অর্জন শূন্য এবং আগস্ট, ২০২১ মাসে মাত্র ৮২০ জনের জন্য রেশন সুবিধা প্রদান করা হয়েছে। সভাপতির এক প্রশ্নের জবাবে এপিএ বাস্তবায়ন টিমের সদস্য উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) সভাকে জানান যে, রেশন কার্ডের মেয়াদ ১৬ মাস। এপিএ অর্জনের সময় ১২ মাস ফলে অতিরিক্ত ৪ মাস অতিক্রান্ত হওয়ার পর রেশনকার্ড নবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	রেশন কার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে কার্ড নবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৩] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের উন্নতমানের আইডি কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা ৩০, জুলাই-আগস্ট' ২০২১ মাসে অর্জন শূন্য। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) সভাকে অবহিত করেন যে, আইডি কার্ড পাওয়ার জন্য এখনো কোনো আবেদন পাওয়া যায়নি। সভাপতি বলেন, আইডি কার্ডের সুবিধার বিষয়টি সংশ্লিষ্টদের অবহিত করতে হবে। যাতে এ সেবা পাওয়ার জন্য বীর মুক্তিযোদ্ধাগণ উদ্বুদ্ধ হন।	আইডি কার্ডের সুবিধার বিষয়ে বীর মুক্তিযোদ্ধাগণকে অবহিত করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৪] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা ২৫০ জন। জুলাই, ২০২১ মাসে ৩১ জনকে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে। আগস্ট, ২০২১ মাসে অর্জন শূন্য। সভাকে অবহিত করা হয় যে, পেন্ডিং চিকিৎসা বিলসমূহ যাচাই-বাছাই করা হচ্ছে। সভাপতি বলেন, যাচাই-বাছাই শেষে দ্রুত সময়ের মধ্যে চিকিৎসা বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত সময়ের মধ্যে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা বিল পরিশোধ করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৫.১] নির্ধারিত তারিখে ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদান। ফোকাল পয়েন্ট বলেন, ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ১৫-০৩-২০২২খ্রি:। যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। তিনি বলেন, লক্ষ্যমাত্রার বিষয়টি ডুলবশত: এপিএএমএস সফটওয়্যারে লক্ষ্যমাত্রা ১৫-০৩-২০২২খ্রি: এর স্থলে ০৩-০৫-২০২১খ্রি: লিখা হয়েছে। এখনো সংশোধনের সুযোগ আছে বিধায় এটি ২০-০৯-২০২১খ্রি: তারিখের মধ্যে সংশোধনের জন্য এপিএ টিমের সদস্য জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী-কে অনুরোধ জানানো হয়।	২০-০৯-২০২১খ্রি: তারিখের মধ্যে উৎসব বোনাস প্রদানের তারিখ সংশোধন করতে হবে।	জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী


ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[১.৫.২] নির্ধারিত তারিখে ঈদুল আযহা ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ০৮-০৭-২০২১খ্রি: তারিখ। ফোকাল পয়েন্ট বলেন, এ বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৮-০৭-২০২১খ্রি: তারিখ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের উৎসব বোনাস প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, এ বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	ফোকাল পয়েন্ট (এপিএ)
		[১.৬] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা অনুদান প্রদানের লক্ষ্যমাত্রা ২০ জন। জুলাই'২০২১ মাসে অর্জন শূন্য। আগস্ট, ২০২১ মাসে ০২ জনকে শিক্ষা অনুদান প্রদান করা হয়েছে।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
২.	[২] ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ	[২.১.১] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ টাওয়ার-৭১ এর দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার লক্ষ্য মাত্রা ২১-০৪-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.১.২] টাওয়ার-৭১ এর দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য নির্ধারিত সময়ে ভাড়াচুক্তি সম্পাদন করার লক্ষ্য মাত্রা ২১-০৬-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.২.১] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ জয় বাংলা বাণিজ্যিক ভবনের দুইটি ফ্লোর ভাড়া প্রদান করার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার লক্ষ্য মাত্রা ২১-০৪-২০২২। সভায় জানানো হয়, জয় বাংলা বাণিজ্যিক ভবনের ২৪ তলার ২৫০০ বর্গফুট স্পেস ইতোমধ্যে ভাড়া প্রদান করা হয়েছে।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.২.২] জয়বাংলা বাণিজ্যিক ভবনের দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য নির্ধারিত সময়ে ভাড়াচুক্তি সম্পাদন করার লক্ষ্য মাত্রা ২১-০৬-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৩] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ বাঙ্গালি ওয়ারহাউস (৩য় ধাপ) নির্মাণকাজ সম্পন্নকরণের লক্ষ্যমাত্রা ৬০%	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৪] ট্রাস্ট প্রধান কার্যালয়ে পরিত্যক্ত ও পুরাতন মালামাল বিক্রিকরণের লক্ষ্যমাত্রা ২০-০১-২০২২ খ্রি: তারিখ।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৫] পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন আধুনিকায়নের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২ খ্রি: তারিখ।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[২.৬] ঢাকার হাটখোলাস্থ স্কুল বাড়ির জমিতে ভবন নির্মাণের জন্য নকশা প্রস্তুতকরণের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৭] ঢাকার মোহাম্মদপুরস্থ ১/৬ গজনবি রোডের প্লটে ভবন নির্মাণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:। সভায় জানানো হয়, এ বিষয়ে ১৬-০৬-২০২১খ্রি: তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং পরবর্তীতে ০৯-০৮-২০২১খ্রি: তারিখে পুন: বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জন হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৮] চট্টগ্রামস্থ দেলোয়ার পিকচার্স লিঃ এর জায়গায় বহুতল ভবন নির্মাণের জন্য পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা ৩০-১২-২০২১খ্রি:। সহকারী প্রধান প্রকৌশলী জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম জানান, গত ১৯-০৮-২০২১খ্রি: তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকা ও অবজারভার পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জন হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৯] ঢাকার হাটখোলাস্থ অফিস বাড়ির জায়গা ভবন নির্মাণের জন্য ডেভেলপারের নিকট জমি হস্তান্তর করার লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
৩.	[৩] বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।	[৩.১] সাংগঠনিক কাঠামোর শূন্যপদে জনবল নিয়োগ প্রদানের লক্ষ্যমাত্রা ৩০-১২-২০২১খ্রি: তারিখ। এ বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ৮টি পদে ৯ জন নিয়োগের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাছাই করা হয়েছে। নিয়োগ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি বলেন, দ্রুত সময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সকল নিয়ম-কানুন পালন করে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.২] কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের লক্ষ্যমাত্রা ০১-০৬-২০২২খ্রি: তারিখ। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বিভাগী পদোন্নতি কমিটির মাধ্যমে গত ১২-০৮-২০২১খ্রি: তারিখে কর্মকর্তাদের পদোন্নতি দেয়া হয়েছে। কর্মচারীদের পদোন্নতির বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সভাপতি বলেন, বিভাগীয় পদোন্নতি কমিটির মাধ্যমে কর্মচারীদের পদোন্নতির বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	কর্মচারীদের পদোন্নতির বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপর্যায় সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ৩১-০৩-২০২২। ফোকাল পয়েন্ট বলেন, এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে।	ট্রাস্টের অডিট আপত্তি নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
		[৩.২] পেপারবিহীন দপ্তর বিনির্মাণে আইটি প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত স্থায়ী প্রশিক্ষণ পুল গঠনের লক্ষ্যমাত্রা ৩১-০১-২০২২ খ্রি: তারিখ।	সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে প্রশিক্ষণ পুল গঠন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.৩] বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা সপ্তাহ পালনের লক্ষ্যমাত্রা ৩১-০১-২০২২ খ্রি: তারিখ।	সেবা সপ্তাহ পালনের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সঙ্গে আলোচনা করে সেবা সপ্তাহ পালনের সময় নির্ধারণ করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.৪] রূপকল্প, ২০৪১ বাস্তবায়নে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক গৃহিত ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ৪০%।		
৪.	[৪] মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চ শিক্ষায় সহায়তা প্রদান	[৪.১] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা ২,৯০০ জন। জুলাই-আগস্ট, ২০২১ মাসে অর্জন শূন্য। সভায় জানানো হয়, বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি ত্রৈমাসিক ভিত্তিকে প্রদান করা হয়। সে হিসেবে জুলাই-সেপ্টেম্বর'২০২১ প্রথম ত্রৈমাসিক বৃত্তি অক্টোবর, ২০২১ মাসের প্রথম সপ্তাহে প্রেরণ করা হবে।	বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বৃত্তির টাকা প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[৪.২] ২ জন গবেষককে বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। সভায় জানানো হয়, বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি ত্রৈমাসিক ভিত্তিকে প্রদান করা হয়। সে হিসেবে জুলাই-সেপ্টেম্বর'২০২১ প্রথম ত্রৈমাসিক বৃত্তি অক্টোবর, ২০২১ মাসের প্রথম সপ্তাহে প্রেরণ করা হবে।	বৃত্তিপ্রাপ্ত গবেষকদের ব্যাংক হিসাবে বৃত্তির টাকা প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)

২০

আর কোনো আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩২.১.২০২৩
(ড.মোঃ জাহেদুল হাসান)
পরিচালক (শিল্প ও বাণিজ্য)
এবং
এপিএ বাস্তবায়ন টিম প্রধান

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১৮.০০৯.২১.১৩৬৪


তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৮ বঃ
২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

বিতরণ:

১. উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২. উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩. সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৫. জনাব মোঃ বিল্লাল হোসেন, সহকারী গ্রেড-১ কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

অনুলিপি- সদয় অবগতির জন্য:

১. পরিচালক (অর্থ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪. অফিস কপি।


২২.০৯.২০২১
(মোঃ ছালেহ আহাম্মদ)
উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
ও
ফোকাল পয়েন্ট, এপিএ